

জাবিতে ছাত্রলীগ-পুলিশ গোলাগুলি: আহত ৭

আবি/ঢাকা (উত্তর) প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পুলিশ-ছাত্রলীগ গুলিবিধির সময় মতে ছাত্র ওপিবিডি হয়েছে। বুধবার রাতে পুলিশ বিশ্ববিদ্যালয়ের দীর মোগাররফ হোসেন হলে তরানি করতে গেলে ছাত্রলীগের নেতাকর্মীরা বাধা দেয়। এ ঘটনায় কথ কটাকাটির এক পর্যায়ে রাত ১২টা ১৮ মিনিটে ছাত্রলীগ ক্যাডাররা পুলিশকে লক্ষ্য করে গুলি করলে পুলিশও পাল্টা গুলি চালায়। আহতদের মধ্যে তিনজনকে মারাত্মক এনাম মেডিকেল কেন্দ্র হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের অবস্থা গুরুতর। রাত ১টা এ খবর শোনার সময় তাদের হাসপাতালে অস্ত্রোপচার চলছিল। তারা হলেন রাকিব, মারুফ ও রবিন। বাকি চারজনকে বিশ্ববিদ্যালয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে তিনজনের নাম পাওয়া গেছে। তারা হল বশির, লতিফ ও হাদান।

সূত্র জানায়, আবি ছাত্রলীগ নেতা তাহমিনুল ইসলাম শিনানকে বুধবার রাতে সত্রাঙ্গীরা কুপিয়ে আহত করে খেলার মাঠে ফেলে রাখলে উত্তেজনা দেখা দেয়। সকলে ইংরেজি বিভাগের সাবেক শিক্ষার্থী জুবায়ের আহমেদ হত্যার বিচার বিভাগীয় উন্নত নিকিত করার দাবিতে শিনানের নেতৃত্বে ছাত্রলীগের একাংশের নেতাকর্মীরা প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন করে তিনি অধ্যাপক ড. অনোয়ার হোসেনকে মারকর্দপি প্রদান করে। এ ঘটনার জের ধরে ছাত্রলীগের অপর গ্রুপ শিনানের ওপর হামলা চাঙ্গিয়েছে বলে খবর ছড়িয়ে পড়ে। তার ওপর হামলার ঘটনায় নৃবিজ্ঞান বিভাগের ৩৯তম ব্যাচের শিক্ষার্থী নাহিদুর রহমান জড়িত বলে অভিযোগ এসে। এর পরিস্থিতিতে পুলিশ নাহিদকে মূল্যে দীর মোগাররফ হোসেন হলে যায়। সেখানে ছাত্রলীগের সিটন গ্রুপের নেতাকর্মীরা পুলিশকে তরানি চালাতে বাধা দেয়। এর এক পর্যায়ে গোলাগুলির ঘটনা ঘটে। শেষ খবর পাওয়া পর্যন্ত গোলাগুলি চলছিল। এর আগে রাত পাক্তে ১০টায় খেলার মাঠে শিনানের গোষ্ঠার শব্দ শুনে বিশ্ববিদ্যালয়ের দুই গোলাগুলি: পৃষ্ঠা ১৪ : কলাম ৪

গোলাগুলি: জাবিতে

(১ম পৃষ্ঠার পর)

মোলোজুড় তারক উচ্চারণ করে। নাম প্রকাশে অনিচ্ছুক এক খেলোয়াড় বলেন, রাতে খেলার মাঠে ব্যায়াম করতে গিয়েছিলাম। মাঠে গোষ্ঠার শব্দ শেয়ে নোবাইলের আসলো দিয়ে দেখি শিনান ডাই ছুটফট করছেন। আমাদের চিনতে পেতে তিনি অস্বস্তি হয়ে যান। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। এর প্রতিবাদে আফন কামাল উদ্দিন হলের ছাত্রলীগ নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করে। বিক্ষুব্ধ নেতাকর্মীরা ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ ও ডিঙ্গির গাড়ি ভাঙুর করে।